

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ৪৯৩(আগরতলা, ১৮।৫)

বিশালগড়, ১৮ মে ২০১৭

### বিশালগড় পঞ্চায়েত সমিতির সভা অনুষ্ঠিত

বিভিন্ন উন্নয়নমূলক কাজের মধ্য দিয়ে বেকার যুবক যুবতী, দরিদ্র শ্রমজীবী মানুষের কল্যাণে পাশে আছে রাজ্য সরকার। গতকাল বিশালগড় পঞ্চায়েত সমিতির সাধারণ সভায় একথা বলেন তথ্য ও সংস্কৃতি, অর্থ দপ্তরের মন্ত্রী ভানুলাল সাহা। সভায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে পর্যালোচনা করা হয়। সভায় ব্লকের বি ডি ও রতন ভৌমিক জানান, গত অর্থবছরে রেগায় গড়ে ৭৩ শ্রমদিবসের কাজ হয়েছে। চলতি অর্থবছরে প্রধানমন্ত্রী আবাস যোজনায় ২৬০টি পরিবারকে ঘর করে দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। বি ডি ও জানান, স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে বি পি এল ভুক্ত ২১৯১টি এবং এ পি এল ভুক্ত ১৫১১টি পরিবারকে শৌচালয় নির্মাণ করে দেওয়ার কাজ চলছে। সভায় বন দপ্তরের আধিকারিক জানান, গত অর্থবছরে বিশালগড় ব্লক এলাকায় বিভিন্ন জায়গায় বনায়ন ও বাঁশ বাগান করা হয়েছে। ব্যয় হয়েছে এক কোটি চার লক্ষ টাকা। পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের আধিকারিক জানান, চলতি অর্থবছরে এই ব্লকের বাইদ্যারদীঘি, পাখালিয়া, ভাটিবাড়ি এবং অমরেন্দ্রনগর পঞ্চায়েত এলাকায় একটি করে ডিপটিউবওয়েল বসানো হবে। সভায় শিক্ষা, কৃষি, গ্রামোন্নয়ন, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা প্রভৃতি দপ্তরের বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ নিয়েও আলোচনা করা হয়।

পর্যালোচনা করতে গিয়ে খাদ্যমন্ত্রী ভানুলাল সাহা জানান, রাজ্যের প্রতিটি গরীব মানুষকে বিভিন্ন সহায়তা দেওয়ার কাজ করছে রাজ্য সরকার। তিনি বলেন, বিভিন্ন পঞ্চায়েতে মানুষের মতামত নিয়ে তাদের চাহিদা মতো পরিকল্পনা রূপায়ণ করতে হবে। সভায় সভাপতিত্ব করেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দুর্লব সরকার (হাজরী)। সভায় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দীপক পাল, পঞ্চায়েতগুলির প্রধান সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

To remove this watermark  
product at www.SmarterPapers.com